



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর : ১৪৫৫

জাতীয় রপ্তানি ট্রিফি প্রদান উপলক্ষ্যে রাষ্ট্রপতির বাণী

ঢাকা, ২৩ চৈত্র (৬ এপ্রিল) :

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আগামীকাল ৭ এপ্রিল জাতীয় রপ্তানি ট্রিফি প্রদান উপলক্ষ্যে নিম্নোক্ত বাণী প্রদান করেছেন :

“বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক যৌথভাবে ২০১৭-২০১৮ সময়ে রপ্তানি বাণিজ্যে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ‘জাতীয় রপ্তানি ট্রিফি’ প্রদানের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ উদ্যোগ আগামী দিনগুলোতে রপ্তানিকারকদের আরো ভালো করার প্রেরণা যোগাবে বলে আমি বিশ্বাস করি। রপ্তানি ট্রিফি অর্জনকারী কৃতি রপ্তানিকারকদের আমি আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন জানাচ্ছি।

দেশের অর্থনৈতিক উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে রপ্তানি বাণিজ্য প্রসারের কোনো বিকল্প নেই। কোভিড অতিমারির প্রাদুর্ভাবের পর দেশের রপ্তানি প্রবৃদ্ধির ধারা অক্ষুণ্ণ রেখে রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা প্রদানের জন্য সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। ফলে এসময় বৈশ্বিক অর্থনৈতিক সংকট ও নানা প্রতিকূলতার মধ্যেও দেশের রপ্তানি বাণিজ্য লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে। বাংলাদেশের জিডিপিতে রপ্তানি খাতের অবদান ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ ইতোমধ্যে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে উন্নীত হয়েছে। এর ফলে স্বল্পোন্নত দেশ থাকাকালে প্রাপ্ত অনেক অগ্রাধিকারমূলক বাজার সুবিধা ভবিষ্যতে আর থাকবে না। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে আমাদের এখন থেকে নিজস্ব সক্ষমতা বৃদ্ধিতে মনোযোগী হতে হবে।

রপ্তানি বাণিজ্যে টিকে থাকার জন্য পণ্যের মানোন্নয়নের পাশাপাশি নতুন নতুন বাজার সৃষ্টি, বর্তমান বাজারকে সংহত করা এবং নতুন নতুন পণ্য রপ্তানি তালিকায় যুক্ত করতে হবে। এছাড়া রপ্তানিকারক প্রতিটি প্রতিষ্ঠানকে শিল্পে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের দক্ষ জনশক্তিতে পরিণত করার লক্ষ্যে প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। রপ্তানি ট্রিফি প্রদানের মতো প্রণোদনামূলক কার্যক্রম রপ্তানিকারকের সক্ষমতা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে বলে আমি মনে করি। বাংলাদেশের রপ্তানি বাণিজ্য কাল্পনিক লক্ষ্য অর্জনে সফল হোক – এ প্রত্যাশা রইল।

আমি জাতীয় রপ্তানি ট্রিফি ২০১৭-২০১৮ প্রদান অনুষ্ঠানের সাফল্য কামনা করছি।

জয় বাংলা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।”

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েব সাইট : www.pressinform.gov.bd
ফেসবুক একাউন্ট : PID BD, ফেসবুক পেইজ : Press Information Department, Bangladesh